# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার পরিবার-পরিজন ও বিছানা ছেড়ে সালাতের জন্য উঠে তার প্রিয় প্রভুর চমকপ্রদ প্রতিদানের আশায়, তার প্রতি মহান আল্লাহ ফেরেস্তাদের কাছে খুশি প্রকাশ করেন

ذِكْرُ تَعْجِيبِ اللَّهِ جَلَّ وَعَلَا مَلَائِكَتَهُ مِنَ الثَّائِرِ عَنْ فِرَاشِهِ وَأَهْلِهِ يُرِيدُ مُفَاجَأَةَ حَبِيبِهِ

আরবী

2549 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَحْمُودِ بْنِ عَدِيِّ بِنَسَا حَدَّثَنَا حُمَيْدُ بْنُ زَنْجُوَيْهِ حَدَّثَنَا رَوْحُ بْنُ أَسْلَمَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ مُرَّةَ الْهَمْدَانِيِّ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَجِبَ رَبُّنَا مِنْ رَجُلَيْنِ: رَجُلٍ ثَارَ عَنْ وِطَائِهِ وَلِحَافِهِ مِنْ بَيْنَ حِبِّهِ وَأَهْلِهِ إِلَى صَلَاتِهِ فَيَقُولُ اللَّهُ جَلَّ وَعَلَا لِمَلَائِكَتِهِ: انْظُرُوا إِلَى عَبْدِي ثَارَ عَنْ فِرَاشِهِ وَوِطَائِهِ مِنْ بَيْنَ حِبِّهِ وَأَهْلِهِ إِلَى صَلَاتِهِ رَغْبَةً فِيمَا عِنْدِي وَشَفَقَةً مِمَّا عِنْدِي وَرَجُلٍ غَزَا فِي سَبِيلِ اللَّهِ فَانْهَزَمَ أَصْحَابُهُ وَعَلِمَ مَا عَلَيْهِ فِي الِانْهِزَامِ وَمَا لَهُ فِي الرُّجُوعِ فَرَجَعَ حَتَّى هُرِيقَ دَمُهُ فَيَقُولُ اللَّهُ لِمَلَائِكَتِهِ: انْظُرُوا إِلَى عَبْدِي رَجَعَ رَجَاءً فِيمَا عندي وشفقا ما عندي حتى هريق دمه)
الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2549 | خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)) (2287).

বাংলা

২৫৪৯. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমাদের প্রভু দুইজন ব্যক্তির প্রতি খুশি হন। (১) ঐ ব্যক্তি, যে তার পরিবার ও প্রিয়জনের মাঝ থেকে, তার বিছানা ও কম্বল ছেড়ে সালাতের জন্য উঠে। তখন মহিমান্বিত, সুমহান আল্লাহ ফেরেস্তাদের বলেন, “তোমরা আমার এই বান্দার দিকে দেখো, সে তার পরিবার ও প্রিয়জনের মাঝ থেকে, তার বিছানা ও কম্বল ছেড়ে সালাতের জন্য উঠেছে আমার কাছে যে প্রতিদান রয়েছে তার আগ্রহে এবং আমার কাছে যে শাস্তি

রয়েছে তার ভয়ে।

(২) ঐ ব্যক্তি, যে আল্লাহর রাস্তায় জিহাদ করে অতঃপর লোকজন পরাস্ত হয়ে পলায়ন করে। আর এই ব্যক্তি জানে যে পলায়ন করলে তাতে কী শাস্তি আছে এবং যুদ্ধে ফিরে যাওয়ার মাঝে কী প্রতিদান রয়েছে, ফলে সে যুদ্ধে ফিরে যায় এমনকি তার রক্ত প্রবাহিত করা হয়। তখন মহান আল্লাহ ফিরেস্তাদের বলেন, “তোমরা আমার এই বান্দার দিকে দেখো, সে আমার কাছে যে প্রতিদান রয়েছে তার আগ্রহে এবং আমার কাছে যে শাস্তি রয়েছে তার ভয়ে যুদ্ধে ফিরে এসেছে, এমনকি তার রক্ত প্রবাহিত করা হয়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়া‘লা: ২/২৫২; সুনান বাইহাকী: ৯/১৬৪; মুসনাদ আহমাদ: ১/৪১৬; আবূ দাঊদ: ২৫৩৬; ইবনু আবী আসিম, আস সুন্নাহ: ৫৬৯; মুসতাদরাক হাকিম: ২/১১২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২২৮৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91875

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন